

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৫৪

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ আল্লাহর দয়ার আশা রাখার গুরুত্ব

আরবী

وَعَنْهُ عَنِ النَّبِيِّ عَلِي فَقَالَ الله تَبَارِكَ وَتَعَالَى : أَذنَبَ عَبدِي ذَنباً فَعَلِمَ أَنَّ لَهُ رَبّاً يَغْفِرُ الذَّنْبَ عَبدِي ذَنباً فَعَلِمَ أَنَّ لَهُ رَبّاً يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِالذَّنْبِ فَعَلِمَ أَنَّ لَهُ رَبّاً يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِالذَّنْبِ قَقَالَ تَبَارَكَ وَتَعَالَى: أَيْ رَبّ اغْفِرْ لِي ذَنْبِي فَقَالَ تَبَارَكَ وَتَعَالَى: أَذنَبَ عَبدِي ذَنبا فَعَلِمَ أَنَّ لَهُ رَبّاً يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِالذَّنْبِ قَدْ غَفَرْتُ لِعَبْدِي فَلْيَفْعَلْ مَا شَاءَ مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

(৪৫৪) উক্ত রাবী [আবূ হুরাইরা (রাঃ)] থেকেই বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর প্রতিপালক থেকে বর্ণনা করেন, কোন বান্দা একটি পাপ করে বলল, হে প্রভু! তুমি আমার পাপ ক্ষমা কর। তখন আল্লাহ তাবারাকা অতা'আলা বলেন, আমার বান্দা একটি পাপ করেছে, অতঃপর সে জেনেছে যে, তার একজন প্রভু আছেন, যিনি পাপ ক্ষমা করেন অথবা তা দিয়ে পাকড়াও করেন। অতঃপর সে আবার পাপ করল এবং বলল, হে প্রভু! তুমি আমার পাপ ক্ষমা কর। তখন আল্লাহ তাবারাকা অতা'আলা বলেন, আমার বান্দা একটি পাপ করেছে, অতঃপর সে জেনেছে যে, তার একজন প্রভু আছেন, যিনি পাপ ক্ষমা করেন অথবা তা দিয়ে পাকড়াও করেন। আমি আমার বান্দাকে ক্ষমা করলাম। সূতরাং সে যা ইচ্ছা করুক।

ফুটনোট

(বুখারী ৭৫০৭, মুসলিম ৭১৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন